# ২৪ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১
তারিখ : ১৪.০৪.২০১৩
[কোড : সুরমা]
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. বাদলা হাওয়ায় মনে পড়ে ছেলে বেলার গান-
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. সত্যেন্দ্রনাথ ঠাকুর
গ. কবি সুফিয়া কামাল ঘ. গোলাম মোস্তফা

উত্তর ✓ ক ব্যাখ্যা উল্লিখিত লাইনটি রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক রচিত কাব্যগ্রন্থ 'কড়ি ও কোমল' এর অন্তর্গত 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' কবিতা থেকে সংকলিত।

০২. 'পথের দাবী' শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি-
ক. নাটক খ. উপন্যাস
গ. গল্প ঘ. প্রবন্ধ

উত্তর ✓ খ ব্যাখ্যা পথের দাবী, পরিণীতা, বিরাজ বৌ, পল্লী সমাজ, দেবদাস, শেষ প্রশ্ন, চরিত্রহীন ও গৃহদাহ প্রভৃতি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস। উল্লেখ্য, তাঁর 'পথের দাবী' রাজনৈতিক উপন্যাসটি ১৯২৬ সালে ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়।

০৩. গ্রিক ট্র্যাজেডি 'ইডিপাস' বাঙলায় কে অনুবাদ করেন?
ক. মুনী চৌধুরী খ. কবীর চৌধুরী
গ. সৈয়দ আলী আহসান ঘ. লিলি চৌধুরী

উত্তর ✓ গ ব্যাখ্যা ১৯৬৩ সালে সৈয়দ আলী আহসান গ্রিক নাট্যকার সফোক্লিসের জগৎবিখ্যাত ট্র্যাজেডি নাটক 'ইডিপাস' বাংলায় অনুবাদ করেন। এছাড়াও তিনি ১৯৬৫তে হুইটম্যানের কবিতা অনুবাদ ও সম্পাদনা করেন।

০৪. কোন বানানটি শুদ্ধ?
ক. উম্মিলিত খ. উন্মীলিত
গ. উম্মীলীত ঘ. উন্মিলীত

উত্তর ✓ খ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান : উন্মীলিত, উচিত, উপর্যুক্ত, উচ্ছ্বাস, উৎকর্ষ, উদ্ভূত, উপাচার্য, উল্লিখিত, উপকূল, উদ্বিগ্ন, উত্তরসূরি।

০৫. কোন বানানটি শুদ্ধ?
ক. ক্ষীনজীবী খ. ক্ষীণজিবী
গ. ক্ষীনজিবী ঘ. ক্ষীণজীবী

উত্তর ✓ ঘ ব্যাখ্যা গুরুত্বপূর্ণ কয়েকটি শুদ্ধ বানান : ক্ষীণজীবী, ক্ষেপণাস্ত্র, ক্ষান্ত, ক্ষুন্নিবৃত্তি, ক্ষুব্ধ, ক্ষেপণ ও ক্ষেতমজুর।

০৬. '<u>নদীর</u> মাছ সুস্বাদু।' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?
ক. কর্তায় ষষ্ঠী খ. কর্মে ষষ্ঠী
গ. অধিকরণে ষষ্ঠী ঘ. অপাদানে ষষ্ঠী

উত্তর ✓ গ ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : **আধার (স্থান)** : আমরা রোজ স্কুলে যাই। **কাল (সময়)** : প্রভাতে সূর্য ওঠে।

০৭. '<u>ভাইয়ে ভাইয়ে</u> বেশ মিল'-বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ১মা খ. কর্তায় ২য়া
গ. কর্তায় ৭মী ঘ. কর্মে ২য়া

উত্তর ✓ গ ব্যাখ্যা বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক। যেমন : **বাঘে- মহিষে** খানা একঘাটে খাবে না। **শ্রদ্ধাবান** লভে জ্ঞান অন্যে কভু নয়। **মানুষে** ভাবে এক, হয় আর এক।

০৮. 'বইপড়া' (বইকে পড়া) কোন সমাস?
ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. অব্যয়ীভাব

উত্তর ✓ গ ব্যাখ্যা পূর্বপদের দ্বিতীয়া বিভক্তি (কে, রে) লোপ হয়ে যে সমাস হয়, তাকে দ্বিতীয়া তৎপুরুষ সমাস বলে। যথা : দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত, বিপদকে আপন্ন = বিপদাপন্ন, পরলোকে গত = পরলোকগত

০৯. 'দিগম্বর' (দিক অম্বর যার) কোন সমাস?
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব

উত্তর ✓ খ ব্যাখ্যা যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো অর্থ বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বহু ব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি। এখানে 'বহু' কিংবা 'ব্রীহি' কোনোটিরই অর্থের প্রাধান্য নেই, যার বহু ধান আছে এমন লোককে বোঝাচ্ছে।

১০. 'যে ভূমিতে ফসল জন্মায় না' এক কথায় কী হবে?
ক. পতিত খ. বন্ধ্যা
গ. অনুর্বর ঘ. উষর

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : পড়ে আছে এমন = পতিত; উর্বর নয় এমন = অনুর্বর; যে নারীর সন্তান হয় না = বন্ধ্যা; যে ভূমিতে ফসল জন্মায় না = উষর।

১১. 'যার কোন উপায় নেই' এক কথায় কী হবে?
ক. নাচার খ. নিরুপায়
গ. অনন্যোপায় ঘ. অনুপায়

উত্তর ✓ খ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : উপায়হীন অবস্থা = নাচার; যার কোনো উপায় নেই = নিরুপায়; উপায়ান্তরবিহীন = অনন্যোপায়; নিরুপায় অবস্থা = অনুপায়।

১২. 'বৃষ্টি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বৃষ্ + তি খ. বৃষ + টি
গ. বিষ + তি ঘ. বৃ + ষ্টি

উত্তর ✓ ক ব্যাখ্যা আগে মূর্ধন্য ষ এবং পরে ত্ বা থ্ থাকলে সন্ধিতে ত্ স্থানে ট্ ও থ্ স্থানে ঠ্ হয়। যেমন : আকৃষ্ + ত = আকৃষ্ট, ষষ্ + থ = ষষ্ঠ, বৃষ্ + তি = বৃষ্টি, দ্রষ্ + তা = দ্রষ্টা।

১৩. 'কিরণ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. তনয়া খ. অক্ষমা
গ. অংশু ঘ. পরভৃত

উত্তর ✓ গ ব্যাখ্যা 'কিরণ'র সমার্থক শব্দ : অংশু, প্রভা, বিভা, ভাতি, রশ্মি, জ্যোতি, কর, দীপ্তি, আলোকচ্ছটা।

১৪. 'চিরন্তন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. পুরাতন খ. ক্ষণকালীন
গ. তিরোভাব ঘ. পরলোক

উত্তর ✓ খ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| চঞ্চল | অবিচল | চটুল | গম্ভীর |
| চিন্ময় | মৃন্ময়/অচেতন | চেতন | জড় |
| চড়াই | উৎরাই | চৌকস | হাবা/হাঁদা |

**১৫. 'হঠাৎ ধনী হওয়া' কোন বাগধারা দিয়ে বুঝানো হয়েছে?**

ক. আঙুল ফুলে কলাগাছ খ. পোয়া বারো
গ. ছেলের হাতে মোয়া ঘ. অমাবস্যার চাঁদ

উত্তর ✓ ক কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারা : কলির কেষ্ট (লম্পট ব্যক্তি); কলির সন্ধ্যা (কষ্ট বা দুর্দিনের সূত্রপাতমাত্র)। কলকে পাওয়া (পাত্তা পাওয়া); কড়ি কপালে (ভাগ্যবান); কড়িকাঠ গোনা (নিষ্কর্মা বসে থাকা)।

**১৬. কোন বানানটি শুদ্ধ?**

ক. Accesible খ. Accessible
গ. Acsesible ঘ. Accissable

উত্তর ✓ খ Accessible অর্থ হচ্ছে প্রবেশযোগ্য, গমনীয়।

**১৭. কোনটি শুদ্ধ বানান?**

ক. Exilaration খ. Exilaretion
গ. Exhilaretion ঘ. Exhilaration

উত্তর ✓ ঘ Exhilaration শব্দটির অর্থ হচ্ছে ফূর্তি, উল্লাস, আনন্দ।

**১৮. 'You must adhere —— your principle' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. to খ. with
গ. at ঘ. in

উত্তর ✓ ক Adhere to মানে লেগে থাকা। Adhere এর সাথে Appropriate preposition হিসেবে 'to' বসে।

**১৯. 'I always confide— you' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. at খ. on
গ. in ঘ. of

উত্তর ✓ গ Confide in অর্থ বিশ্বাস করা।

**২০. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

ক. Mr. Aref is not on the committee.
খ. Mr. Aref is not in the committee.
গ. Mr. Aref is not with the committee.
ঘ. Mr. Aref is not at the committee.

উত্তর ✓ ক On the committee – কমিটিতে সদস্যরূপে অন্তর্ভুক্তি হওয়া।

**২১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

ক. The Lake Chika is in Orissa.
খ. The Lake Chika is in the Orissa.
গ. Lake Chika is in Orissa.
ঘ. Lake Chika is in the Orissa.

উত্তর ✓ গ Article এর নিয়মানুযায়ী একটি মাত্র হ্রদ, পর্বত ও দ্বীপের নামের পূর্বে 'the' বসে না।

**২২. কোনটি 'Panic' শব্দের সমার্থক শব্দ?**

ক. Calmness খ. Horror
গ. Serenity ঘ. Tranquilluty

উত্তর ✓ খ panic শব্দের অর্থ হচ্ছে ভয়, আতঙ্ক যা Horror শব্দের সমার্থক।

**২৩. কোনটি 'Gain' শব্দের সমার্থক শব্দ?**

ক. Advantage খ. Fulfil
গ. Promote ঘ. Loss

উত্তর ✓ ক Gain শব্দের অর্থ লাভ করা, সুবিধা অর্জন যা Advantage শব্দের সমার্থক।

**২৪. 'He made me drive his car' বাক্যটির Passive form হবে-**

ক. I am made to drive his car by him.
খ. I was made driven his car to him.
গ. I was made drive his car by him.
ঘ. I was made to drive his car by him.

উত্তর ✓ ঘ voice এর সাধারণ নিয়মানুযায়ী অপশন (ঘ) তে I was made to drive his car by him বাক্যটি passive form এ আছে। সাধারণ নিয়ম: Object কে Subject করা + tense, number ও person অনুযায়ী সাহায্যকারী verb + মূল verb এর past participle + ...... বাকি অংশ।

**২৫. 'My uncle looks after me' বাক্যটির Passive fom হবে-**

ক. I am look after by my uncle.
খ. I am looked after by my uncle.
গ. I was looked after by my uncle.
ঘ. I am being looked after by my uncle.

উত্তর ✓ খ voice এর সাধারণ নিয়মানুযায়ী অপশন (খ) তে I am looked after by my uncle সঠিক Passive form এ আছে।

**২৬. কোনটি Common Noun?**

ক. February খ. jute
গ. Mouth ঘ. Class

উত্তর ✓ গ Mouth এটি common noun।

**২৭. 'Accept' শব্দটির Noun হবে-**

ক. Acceptance খ. Acception
গ. Accepted ঘ. Acceptable

উত্তর ✓ ক Acceptance অর্থ গ্রহণযোগ্যতা। Accept (V) শব্দটির Noun হচ্ছে Acceptance.

**২৮. I said to you, "He has done his duty," বাক্যটির Indirect speech হবে-**

ক. I said to you that you have done your duty
খ. I said to you that he had done his duty
গ. I told you that you had done your duty.
ঘ. I told you that he has done his duty.

উত্তর ✓ খ Indirect speech করার নিয়ম অনুযায়ী অপশন (খ) I said to you that he had done his duty. সঠিক। Indirect করার সময় 3rd person (he/she) ইত্যাদি এর পরিবর্তন হয় না। Corresponding tense এর ক্ষেত্রে past perfect tense হবে।

**২৯. 'The Captain ordered the soldiers to march on'– বাক্যটির direct speech হবে-**

ক. The Captain asked, "Soldiers, Iask you to march
খ. The Captain said to the soldiers, "Please march on,"
গ. The Captain said, "Soldiers, Iask you to march on.
ঘ. The Captain said to the soldiers, "March on."

উত্তর ✓ ঘ Narration এর ক্ষেত্রে Indirect speech কে direct speech করার নিয়মানুযায়ী অপশন (ঘ) The captain said to the soldiers, "March on." সঠিক direct speech।

**৩০. 'To push somebody to the wall' এর অর্থ-**

ক. To defeat him খ. To heckle him
গ. To humilite him ঘ. To knock him

উত্তর ✓ ঘ 'To push somebody to the wall' এর অর্থ.to put someone in a defensive position, to knock him.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩১. ক : খ = ৫ : ৬ এবং খ : গ = ৩ : ১০ হলে ক : গ = কত?

ক. ৬ : ১২ খ. ১০ : ২০

গ. ৫ : ২০ ঘ. ৫ : ১২

উত্তর✓ গ ব্যাখ্যা ক : খ = ৫ : ৬ = ১৫ : ১৮ [৩ দ্বারা গুণ করে]

খ : গ = ৩ : ১০ = ১৮ : ৬০ [৬ দ্বারা গুণ করে]

∴ ক : খ : গ = ১৫ : ১৮ : ৬০

∴ ক : গ = ১৫ : ৬০ = ৫ : ২০

৩২. একটি জিনিস ১২০ টাকায় ক্রয় করে ১৪৪ টাকায় বিক্রি করলে, ক্রয়মূল্য ও লাভের অনুপাত কত হবে?

ক. ৫ : ১ খ. ১২ : ৫

গ. ১৩ : ৭ ঘ. ১৫ : ৮

উত্তর✓ ক ব্যাখ্যা লাভ = বিক্রয়মূল্য − ক্রয়মূল্য

= ১৪৪ − ১২০

= ২৪ টাকা

ক্রয়মূল্য : লাভ = ১২০ : ২৪

= ৫ : ১ [২৪ দ্বারা ভাগ করে]

৩৩. পিতা ও দুই পুত্রের গড় বয়স ২০ বছর। দুই বছর পূর্বে দুই পুত্রের গড় বয়স ছিল ১২ বছর। পিতার বর্তমান বয়স কত?

ক. ২৬ বছর খ. ২৮ বছর

গ. ৩০ বছর ঘ. ৩২ বছর

উত্তর✓ ঘ ব্যাখ্যা

পিতা ও দুই পুত্রের মোট বয়স (২০ × ৩) = ৬০ বছর

২ বছর পূর্বে দুই পুত্রের মোট বয়স (১২ × ২) = ২৪ বছর

বর্তমানে দুই পুত্রের বয়স = ২৪ + (২ + ২) = ২৮ বছর

পিতার বর্তমান বয়স = ৬০ − ২৮ = ৩২ বছর

৩৪. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘন্টায় ১৬ কিমি ও ৪ কিমি। নদীপথে ৩০ কিমি অতিক্রম করে পুনরায় ফিরে আসতে সময় লাগবে-

ক. $৩\frac{১}{২}$ ঘন্টা খ. ৪ ঘন্টা

গ. $৪\frac{১}{২}$ ঘন্টা ঘ. ৫ ঘন্টা

উত্তর✓ খ ব্যাখ্যা স্রোতের অনুকূলে,

$$\text{সময়} = \frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের যোগফল}}$$

$$= \frac{৩০}{১৬ + ৪} = \frac{৩০}{২০} = \frac{৩}{২} \text{ ঘন্টা}$$

$$\text{স্রোতের প্রতিকূলে, সময়} = \frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের বিয়োগফল}}$$

$$= \frac{৩০}{১৬ - ৪}$$

$$= \frac{৩০}{১২}$$

$$= \frac{৫}{২} \text{ ঘন্টা}$$

$$\text{মোট সময়} = \frac{৩}{২} + \frac{৫}{২}$$

$$= \frac{৩ + ৫}{২}$$

$$= \frac{৮}{২} = ৪ \text{ ঘন্টা}$$

৩৫. ক ও খ একত্রে একটি কাজ ৮ দিনে শেষ করতে পারে। ক একা ১২ দিনে কাজটি শেষ করতে পারলে খ একা কতদিনে কাজটি শেষ করতে পারবে?

ক. ১৮ দিনে খ. ২২ দিনে

গ. ২৪ দিনে ঘ. ২৬ দিনে

উত্তর✓ গ ব্যাখ্যা

$$\text{একা করলে সময়} = \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$$

$$= \frac{১২ \times ৮}{১২ - ৮} \times \text{সম্পূর্ণ } (১)$$

$$= \frac{১২ \times ৮}{৪} = ২৪ \text{ দিন}$$

৩৬. ৫৬ জন শ্রমিক একটি কাজ ২১ দিনে শেষ করতে পারে। ১৪ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কত জন শ্রমিক লাগবে?

ক. ২৪ জন খ. ২৬ জন

গ. ২৮ জন ঘ. ৩০ জন

উত্তর✓ গ ব্যাখ্যা

২১ দিনে কাজটি করতে পারে ৫৬ জন

১ " " " " = ২১ × ৫৬ "

$$১৪ \text{ " " " " } = \frac{২১ \times ৫৬}{১৪} = ৮৪ \text{ জন}$$

নতুন শ্রমিক লাগবে = ৮৪ − ৫৬ = ২৮ জন।

৩৭. একটি কলম ২৭০ টাকায় বিক্রি করতে ১০% ক্ষতি হয়; কলমটির ক্রয়মূল্য কত?

ক. ২৫০ টাকা খ. ৩০০ টাকা

গ. ৩১৫ টাকা ঘ. ৩২৫ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা

$$\text{ক্রয়মূল্য} = \frac{\text{বিক্রয়মূল্য} \times ১০০}{১০০ - \text{ক্ষতি}}$$

$$= \frac{২৭০ \times ১০০}{১০০ - ১০}$$

$$= \frac{২৭০ \times ১০০}{৯০} = ৩০০ \text{ টাকা}$$

৩৮. ২৫ কেজি চাল যে দরে কেনা যায়, ২০ কেজি চাল সে দরে বিক্রি করলে শতকরা কত লাভ হয়?

ক. ২৫% খ. ২০%

গ. ২২% ঘ. ৩০%

উত্তর✓ ক ব্যাখ্যা ধরি,

ক্রয়মূল্য = বিক্রয়মূল্য = x টাকা

বিক্রয়মূল্য সংখ্যা = ২০ কেজি

ক্রয়মূল্য সংখ্যা = ২৫ কেজি

লাভ = ?

$$\frac{\text{বিক্রয় সংখ্যা}}{\text{ক্রয় সংখ্যা}} = \frac{\text{বিক্রয়মূল্য} \times ১০০}{\text{ক্রয়মূল্য } (১০০ \pm \text{লাভ/ ক্ষতি})}$$

$$\Rightarrow \frac{২০}{২৫} = \frac{x \times ১০০}{x\,(১০০ + \text{লাভ})}$$

$$\Rightarrow ২০\,(১০০ + \text{লাভ}) = ২৫ \times ১০০$$

$$\Rightarrow ১০০ + \text{লাভ} = \frac{২৫ \times ১০০}{২০} = ১২৫$$

$$\Rightarrow \text{লাভ} = ১২৫ - ১০০ = ২৫ \text{ টাকা} \therefore \text{লাভ} = ২৫\%$$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**৩৯. বার্ষিক শতকরা ৭.৫০ টাকা হার সুদে কত টাকা ৩ বছরে সুদ-আসলে ১২২৫ টাকা হবে?**

ক. ৮০০ টাকা খ. ১০০০ টাকা
গ. ১০৫০ টাকা ঘ. ১১০০ টাকা

উত্তর ✓ খ ব্যাখ্যা আমরা জানি,

$$\text{আসল} = \frac{১০০ \times \text{সুদাসল}}{১০০ + (\text{সময়} \times \text{হার})}$$

$$= \frac{১০০ \times ১২২৫}{১০০ + (৩ \times ৭.৫০)}$$

$$= \frac{১২২৫০০}{১০০ + ২২.৫} = \frac{১২২৫০০}{১২২.৫} = ১০০০ \text{ টাকা}$$

**৪০. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?**

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{৪}{৬}$
গ. $\frac{৭}{৯}$ ঘ. $\frac{৯}{১৩}$

উত্তর ✓ ঘ ব্যাখ্যা $\frac{৩}{৪} = ০.৭৫$, $\frac{৫}{৬} = ০.৮৩$, $\frac{৭}{৯} = ০.৭৭$ এবং $\frac{৯}{১৩} = ০.৬৯$। উক্ত ফলাফল সমূহের মধ্যে $\frac{৯}{১৩} = ০.৬৯$ ক্ষুদ্রতম।

**৪১. $(০.০০২)^২ =$ কত?**

ক. ০.০০৪ খ. ০.০০০
গ. ০.০০০০৪ ঘ. ০.০০০০০৪

উত্তর ✓ ঘ ব্যাখ্যা $(০.০০২)^২ = ০.০০০০০৪$

**৪২. $x^2 + y^2 = 8$ এবং $xy = 7$ হলে, $(x + y)^2$-এর মান কত?**

ক. 14 খ. 16
গ. 22 ঘ. 30

উত্তর ✓ গ ব্যাখ্যা
$$(x + y)^2 = x^2 + 2xy + y^2$$
$$= x^2 + y^2 + 2xy$$
$$= 8 + 2.7 = 8 + 14 = 22$$

**৪৩. $4x^2 - 12x$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?**

ক. 4 খ. 16
গ. 9 ঘ. 25


উত্তর ✓ গ ব্যাখ্যা প্রদত্ত রাশি $= 4x^2 - 12x$
$$= (2x)^2 - 2.2x.3 + (3)^2 - 9$$
$$= (2x + 3)^2 - 9$$

9 যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে।

**৪৪. কোনো ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে-**

ক. ভরকেন্দ্র খ. পরিকেন্দ্র
গ. অন্তঃকেন্দ্র ঘ. লম্ববিন্দু

উত্তর ✓ ক ব্যাখ্যা ত্রিভুজের মধ্যমাত্রয় এর ছেদবিন্দুকে ত্রিভুজের ভরকেন্দ্র বলে।





$\Delta$ ABC ত্রিভুজের মধ্যমা তিনটি O বিন্দুতে ছেদ করেছে।
$\therefore$ O হলো ত্রিভুজটির ভরকেন্দ্র।

**৪৫. ত্রিভুজের দুইটি কোণের সমষ্টি তৃতীয় কোণের সমান হলে ত্রিভুজটি-**

ক. সমবাহু খ. সমদ্বিবাহু
গ. সমকোণী ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ গ ব্যাখ্যা ত্রিভুজের দুইটি কোণের সমষ্টি তৃতীয় কোণের সমান হলে ত্রিভুজটি সমকোণী।




$\Delta$ ABC সমকোণী ত্রিভুজ $\angle B = ৯০°$
আমরা জানি, $\angle A + \angle B + \angle C = ১৮০°$
$\Rightarrow \angle A + \angle C = ১৮০° - \angle B = ১৮০° - ৯০° = ৯০°$
$\therefore \angle A + \angle C = ৯০°$

**৪৬. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কতজনকে বীরউত্তম উপাধিতে ভূষিত করা হয়?**

ক. ৬০ জন খ. ৬২ জন
গ. ৬৪ জন ঘ. ৬৮ জন

উত্তর ✓ ঘ ব্যাখ্যা বীর উত্তম বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বীরত্ব খেতাব। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্ব পূর্ণ অবদানের জন্য ৬৮ জনকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়।

**৪৭. জিয়া সার কারখানায় উৎপাদিত সারের নাম কী?**

ক. অ্যামোনিয়া খ. ইউরিয়া
গ. টিএসপি ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ খ ব্যাখ্যা জিয়া সার কারখানার বর্তমান নাম আশুগঞ্জ ফার্টিলাইজার অ্যান্ড কেমিক্যাল কোম্পানি লিমিটেড। সার কারখানাটি ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হয় ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে। এখানে ইউরিয়া সার উৎপন্ন হয় এবং প্রাকৃতিক গ্যাস কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়।

**৪৮. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম কী?**

ক. মহেশখালী খ. হাতিয়া
গ. সেন্টমার্টিন ঘ. সন্দ্বীপ

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় অবস্থিত। দ্বীপটি টেকনাফ সমুদ্র উপকূল থেকে প্রায় ৪৮ কিলোমিটার দূরে বঙ্গোপসাগরে অবস্থিত। সেন্টমার্টিন দ্বীপের অপর নাম নারিকেল জিঞ্জিরা। দ্বীপটি আয়তন ৮ বর্গ কিলোমিটার।

**৪৯. সর্বশেষ বাংলাদেশের এই জেলার সঙ্গে রেল যোগাযোগ স্থাপিত হয়-**

ক. সিরাজগঞ্জ খ. টাঙ্গাইল
গ. বরিশাল ঘ. কুড়িগ্রাম

উত্তর ✓ খ ব্যাখ্যা বাংলাদেশে সর্বপ্রথম রেললাইন প্রতিষ্ঠিত হয় ১৮৬৪ সালের ১৬ ফেব্রুয়ারি দর্শনা থেকে কুষ্টিয়ার জগতি পর্যন্ত। বাংলাদেশে বর্তমানে ২০টি জেলায় রেলপথ নেই। টাঙ্গাইল জেলায় সর্বশেষ রেল সংযোগ স্থাপিত হয়।

**৫০. প্রাচীন পুন্ড্রবর্ধন নগর কোথায় অবস্থিত?**

ক. মহাস্থানগড় খ. ময়নামতি
গ. বিক্রমপুর ঘ. পাহাড়পুর

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলাদেশের প্রাচীনতম জনপদ পুন্ড্র। পুন্ড্রের রাজধানী ছিল পুন্ড্রনগর বা পুন্ড্রবর্ধন। পুন্ড্রবর্ধন বর্তমান বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় মহাস্থানগড়ে অবস্থিত।

**৫১. কোন মোঘল সুবাদার চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন ইসলামাবাদ?**

ক. ইসলাম খান খ. মীর জুমলা
গ. ইলিয়াস শাহ্ ঘ. শায়েস্তা খান

উত্তর ✓ ঘ ব্যাখ্যা সম্রাট আওরঙ্গজেবের নির্দেশে শায়েস্তা খান চট্টগ্রাম দখল করেন এবং চট্টগ্রামের নাম রাখেন ইসলামাবাদ।

**৫২. লালবাগ শাহী মসজিদটি কে নির্মাণ করেন?**

ক. শায়েস্তা খান খ. যুবরাজ মোহাম্মদ আযম
গ. ইসলাম খান ঘ. মুর্শিদ কুলি খান

উত্তর ✓ খ ব্যাখ্যা লালবাগ শাহী মসজিদ ঢাকার লালবাগে অবস্থিত মুঘল আমলের একটি মসজিদ। লালবাগ শাহী মসজিদের অপর নাম ফররুখ শিয়ার মসজিদ। ১৭০৩ খ্রিস্টাব্দে যুবরাজ মোহাম্মদ আযমের আমলে মসজিদটি নির্মিত হয়।

**৫৩. মূল্য সংযোজন কর কত সালে চালু হয়?**

ক. ১৯৯১-৯২ সালে খ. ১৯৯২-৯৩ সালে
গ. ১৯৯৩-৯৪ সালে ঘ. ১৯৯৪-৯৫ সালে

উত্তর ✓ ক ব্যাখ্যা মূল্য সংযোজন কর (VAT) হচ্ছে পরোক্ষ কর। মূল্য সংযোজন কর আইন জাতীয় সংসদে পাশ হয় ১০ জুলাই ১৯৯১ সালে। জাতীয় মূল্য সংযোজন কর (VAT) দিবস ১০ জুলাই। বাংলাদেশে মূল্য সংযোজন কর (VAT) চালু হয় ১ জুলাই ১৯৯১ সালে।

**৫৪. ব্যাবিলনের শূন্য উদ্যান কে গড়ে তুলেছিলেন?**

ক. নেবুচাদনেজার খ. দারিউস
গ. র‍্যামজেজ ঘ. সাইরাস

উত্তর ✓ ক ব্যাখ্যা সম্রাট নেবুচাদ নেজার খ্রিস্টপূর্ব ৬০০ অব্দে ইরাকের ইউফ্রেটিস নদীর তীরে ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান নির্মাণ করেন। সম্রাট তার স্ত্রীর জন্য এই বাগান নির্মাণ করেন। মাটি থেকে বাগানের উচ্চতা ছিল প্রায় ৮০ ফুট এবং এর আয়তন ছিলো প্রায় ৮০০ বর্গ ফুট।

**৫৫. তাপে কোন ভিটামিন নষ্ট হয়?**

ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ডি'

উত্তর ✓ গ ব্যাখ্যা টাটকা শাক সবজি ও টাটকা ফলে ভিটামিন C পাওয়া যায়। ভিটামিন সি দাঁত ও মাড়ি শক্ত রাখে, ত্বক উজ্জল ও মসৃণ রাখে, রোগ প্রতিরোধ করে। ভিটামিন সি তাপ প্রয়োগে নষ্ট হয়।

**৫৬. রক্তে হিমোগ্লোবিনের কাজ কী?**

ক. অক্সিজেন পরিবহন করা
খ. রক্ত জমাট বাঁধতে সাহায্য করা
গ. রোগ প্রতিরোধ করা
ঘ. উল্লেখিত সবকয়টিই

উত্তর ✓ ক ব্যাখ্যা হিমোগ্লোবিন এক ধরনের লৌহঘটিত প্রোটিন জাতীয় পদার্থ যার উপস্থিতির কারণে রক্তের রং লাল হয়। হিমোগ্লোবিন অক্সিজেনের সাথে যুক্ত হয়ে অক্সিহিমোগ্লোবিন যৌগ গঠন করে অক্সিজেন পরিবহন করে।

**৫৭. মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে বায়ুর-**

ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. হাইড্রোজেন ঘ. কার্বন ডাই-অক্সাইড

উত্তর ✓ খ ব্যাখ্যা নাইট্রোজেনের প্রধান উৎস হল বায়ুমণ্ডল, নাইট্রোজেন উদ্ভিদ বা প্রাণী কেউ সংবন্ধন করতে পারে না। বেশ কয়েক প্রকার ব্যাকটেরিয়া যেমন রাইজোরিয়াম নাইট্রোজেন সংবদ্ধকরন করে। এসব ব্যাকটেরিয়া মসুর, মুগ প্রভৃতি শুঁটি জাতীয় উদ্ভিদের শিকড়ে প্রবেশ করে এবং নাইট্রোজেনকে আহরণ করে যৌগিক পদার্থে পরিণত করে শিকড়ে জমা রাখে। এই নাইট্রোজেন মাটির উর্বরতা বৃদ্ধি করে।

**৫৮. পাতা পীত বর্ণ ধারণ করে কিসের অভাবে?**

ক. পটাশিয়াম খ. ম্যাগনেশিয়াম
গ. নাইট্রোজেন ঘ. আয়রন

উত্তর ✓ গ ব্যাখ্যা উদ্ভিদের বৃদ্ধির জন্য ১৬ টি অত্যাবশ্যকীয় মৌল রয়েছে। তাদের মধ্যে নাইট্রোজেন অতীব গুরুত্বপূর্ণ এবং এর অভাবে পাতা পীত বর্ণ ধারণ করে।

**৫৯. নিচের কোন যৌগটি ভিটামিন 'সি'?**

ক. অ্যাসকরবিক এসিড খ. সাইট্রিক এসিড
গ. অ্যাসিটিক এসিড ঘ. অক্সালিক এসিড

উত্তর ✓ ক ব্যাখ্যা ভিটামিন সি দাঁত ও মাড়ি শক্ত রাখে এবং শরীরের ক্ষত পুনর্গঠনের কাজে ব্যবহৃত হয়। টাটকা শাক সবজি ও টাটকা ফলে ভিটামিন সি পাওয়া যায়। এর অপর নাম অ্যাসকরবিক অ্যাসিড।

**৬০. সংকর ধাতু ব্রোঞ্জে উপাদান হলো-**

ক. তামা ও লোহা খ. তামা ও টিন
গ. টিন ও দস্তা ঘ. লোহা ও দস্তা

উত্তর ✓ খ ব্যাখ্যা দুই বা ততোধিক ধাতুর সংমিশ্রণে গঠিত সমসত্ব বা অসমসত্ব কঠিন পদার্থকে সংকর ধাতু বলে।
ব্রোঞ্জ = তামা ৯০% + টিন ১০%

**৬১. কোন রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি?**

ক. সাদা খ. বেগুনি
গ. লাল ঘ. কালো

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কালো রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি। কালো বস্তু সবগুলো বর্ণের আলো শোষণ করে বলে কালো কাপড় পড়লে গরম লাগে।

**৬২. একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল কত হবে?**

ক. শূন্য খ. অসীম
গ. ভূ-পৃষ্ঠের সমান ঘ. ভূপৃষ্ঠ থেকে কম

উত্তর ✓ খ ব্যাখ্যা একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল অসীম হবে। কারণ পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান শূন্য। এক্ষেত্রে দোলন ঘড়ি চলবে না।

**৬৩. হাড় ও দাঁতকে মজবুত করে-**

ক. আয়রন খ. আয়োডিন
গ. ফসফরাস ঘ. ম্যাগনেসিয়াম

উত্তর ✓ গ ব্যাখ্যা অস্থির একটি প্রধান উপাধান হল ফসফরাস। হাড় ও দাঁত মজবুত করা এর প্রধান কাজ । ডিম, দুধ, মাছ, মাংস, কলিজা ইত্যাদিতে প্রচুর পরিমাণে ফসফরাস পাওয়া যায়।

**৬৪. বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) কবে প্রতিষ্ঠিত হয়?**
ক. ১৪ এপ্রিল ১৯৮৬ খ. ১৪ এপ্রিল ১৯৮৭
গ. ১৪ এপ্রিল ১৯৮৮ ঘ. ১৪ এপ্রিল ১৯৮৯
উত্তর ক ব্যাখ্যা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) ঢাকা জেলার সাভার উপজেলার জিরানীতে অবস্থিত। জাতীয় ক্ষেত্রে খেলাধুলার মানোন্নয়নে এবং বিশ্ব ক্রীড়াঙ্গনে বাংলাদেশকে উচ্চস্তরে নেয়ার উদ্দেশ্যে প্রতিষ্ঠানটি স্থাপন করা হয়। ১৯৮৬ সালের ১৪ এপ্রিল প্রতিষ্ঠানটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়।

**৬৫. কোন সালে কেনিয়াকে হারিয়ে বাংলাদেশ প্রথম আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে জিতে?**
ক. ১৯৯৭ খ. ১৯৯৮
গ. ১৯৯৯ ঘ. ২০০০
উত্তর খ ব্যাখ্যা বাংলাদেশ প্রথম আন্তর্জাতিক ম্যাচে জয় লাভ করে ওয়ানডে ক্রিকেটে। ভারতের ইন্ডিপেন্ডেন্স কাপে ১৭ মে ১৯৯৮ সালে বাংলাদেশ কেনিয়াকে পরাজিত করে প্রথমবারের মত আন্তর্জাতিক ম্যাচে জয়লাভ করে। এটি ছিল বাংলাদেশের ২৩তম ওয়ানডে ম্যাচ।

**৬৬. একদিনের ক্রিকেট কবে থেকে শুরু হয়?**
ক. ১৯৭১ সাল খ. ১৯৭২ সাল
গ. ১৯৭৩ সাল ঘ. ১৯৭৪ সাল
উত্তর ক ব্যাখ্যা ওয়ানডে ক্রিকেটের প্রস্তাবক মেরিলিবোন ক্রিকেট ক্লাব (এমসিসি)। প্রথম ওয়ানডে খেলা অনুষ্ঠিত হয় অস্ট্রেলিয়ার মেলবোর্নে ৫ জানুয়ারি ১৯৭১ সালে অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডের মধ্যে। প্রথম ওয়ানডেতে অস্ট্রেলিয়া ৫ উইকেটে জয়ী হয়।

**৬৭. মেক্সিকো দেশটি কোন মহাদেশের অন্তর্গত?**
ক. ইউরোপ খ. উত্তর আমেরিকা
গ. দক্ষিণ আমেরিকা ঘ. আফ্রিকা
উত্তর খ ব্যাখ্যা মেক্সিকো উত্তর আমেরিকা মহাদেশের মধ্য আমেরিকা অঞ্চলের একটি দেশ। এর রাজধানী মেক্সিকো সিটি, ভাষা স্প্যানিশ এবং মুদ্রা পেসো। কানকুন শহরটি মেক্সিকোতে অবস্থিত।

**৬৮. বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল কবে?**
ক. ২৬ মার্চ ১৯৭১ খ. ১১ এপ্রিল ১৯৭১
গ. ১৭ এপ্রিল ১৯৭১ ঘ. ১০ জানুয়ারি ১৯৭২
উত্তর ক ব্যাখ্যা ১৭ এপ্রিল ১৯৭১ সালে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে। এই অনুষ্ঠানে অধ্যাপক এম ইউসুফ আলী স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন। এর মাধ্যমেই বাংলাদেশ প্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল যা ২৬শে মার্চ ১৯৭১ সাল হতে কার্যকর করা হয়।

**৬৯. বাংলাদেশের প্রথম মহিলা রাষ্ট্রদূত কে?**
ক. তাহমিনা খান ডলি খ. জাকিয়া আকতার
গ. সুরাইয়া বেগম ঘ. মাহমুদা হক চৌধুরী
উত্তর ক ব্যাখ্যা বাংলাদেশের প্রথম নারী রাষ্ট্রদূত তাহমিনা খান ডলি ১৯৮০ সালে শ্রীলংকায় এবং পরবর্তীতে মালদ্বীপে দায়িত্ব পালন করেন। তিনি রাজনৈতিক বিবেচনায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) থেকে নিয়োগ পান। ফরেন সার্ভিস থেকে নিয়োগপ্রাপ্ত প্রথম নারী রাষ্ট্রদূত মাহমুদা হক চৌধুরী। তিনি ১৯৯৬ সালে ভুটানে রাষ্ট্রদূত হিসেবে যোগদান করেন।

**৭০. কার কর্তৃত্বের উপর আদালতের কোনো এখতিয়ার নেই?**
ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী
গ. প্রধান বিচারপতি ঘ. সেনাপ্রধান
উত্তর ক ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানে ৫১ নং অনুচ্ছেদে রাষ্ট্রপতির দায়মুক্তির কথা বলা আছে। এই ধারা অনুযায়ী রাষ্ট্রপতির কর্তৃত্বের উপর আদালতের কোন এখতিয়ার নেই।

**৭১. 'জেনেভা কনভেনশন' কত সালে স্বাক্ষরিত হয়?**
ক. ১৯৪৫ সালে খ. ১৯৪৭ সালে
গ. ১৯৪৮ সালে ঘ. ১৯৫৪ সালে
উত্তর = ব্যাখ্যা সঠিক উত্তর নেই। যুদ্ধবন্দি এবং যুদ্ধাহত ব্যক্তিদের সাথে মানবিক আচরনবিধির উপর সুইজারল্যান্ডের জেনেভাতে চারটি চুক্তি স্বাক্ষরিত হয়। এগুলো একত্রে জেনেভা কনভেনশন নামে পরিচিত। চতুর্থ জেনেভা কনভেনশন স্বাক্ষরিত হয় ১২ আগস্ট ১৯৪৯ সালে। প্রথম তিনটি জেনেভা কনভেনশন স্বাক্ষরিত হয় যথাক্রমে ১৮৬৪, ১৯০৬ ও ১৯২৯ সালে। চতুর্থ কনভেনশনে পূর্বের তিনটি কনভেনশনের পরিমার্জন ও সম্প্রসারণ করা হয়। সঠিক উত্তরঃ ১৯৪৯ সাল।

**৭২. সমুদ্রপৃষ্ঠে বায়ুর স্বাভাবিক চাপ কত?**
ক. ৭.৬ সেমি খ. ৭২ সেমি
গ. ৭৬ সেমি ঘ. ৭৭ সেমি উত্তর গ

**৭৩. 'শীতনিদ্রা' দেখা যায়-**
ক. সীল মাছে খ. তিমি মাছে
গ. ব্যাঙে ঘ. কুমীরে উত্তর গ

**৭৪. মানুষ কোন পর্বের অন্তর্ভুক্ত?**
ক. মলাস্কা খ. কর্ডাটা
গ. পরিফেরা ঘ. অ্যামফিবিয়া উত্তর খ

**৭৫. পৃথিবী তৈরির প্রধান উপাদান হচ্ছে-**
ক. হাইড্রোজেন খ. সিলিকন
গ. অ্যালুমিনিয়াম ঘ. কার্বন উত্তর খ

**৭৬. সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাণে হয়-**
ক. সবুজ আলোকে খ. নীল আলোতে
গ. বেগুনি আলোতে ঘ. লাল আলোতে উত্তর ঘ

**৭৭. মালদ্বীপের মুদ্রা কোনটি?**
ক. রুপি খ. টাকা
গ. রুপিয়া ঘ. বাথ
উত্তর গ ব্যাখ্যা ইন্দোনেশিয়া ও মালদ্বীপের মুদ্রার নাম রুপিয়া। টাকা বাংলাদেশের মুদ্রা। থাইল্যান্ডের মুদ্রা বাথ। রুপি ভারত, সিচেলিস, নেপাল, পাকিস্তান, শ্রীলংকা ও মরিশাসের মুদ্রার নাম।

**৭৮. শিল্প বিপ্লব যে দেশে শুরু হয়েছিল-**
ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. ফ্রান্স
গ. ইংল্যান্ড ঘ. জার্মানি
উত্তর গ ব্যাখ্যা শিল্প বিপ্লব শুরু হয় ইংল্যান্ডে। ইংল্যান্ডে ১৭৫০ -১৮৫০ খ্রিস্টাব্দে কৃষি ব্যবস্থা থেকে আধুনিক শিল্পায়নের দিকে গতি শুরু হওয়ায় অর্থনৈতিক কর্মকাণ্ডে বিস্ময়কর পরিবর্তন ঘটে। পুঁজিবাদের উদ্ভব, বাষ্পীয় ইঞ্জিনের আবিষ্কার, কয়লার খনি আর ইস্পাতের ব্যাপক ব্যবহারের ফলে অনেক শিল্প শহর আর কারখানা গড়ে উঠে।

**৭৯. কিসের সাহায্যে সমুদ্রের ও কুয়ার গভীরতা নির্ণয় করা যায়?**
ক. প্রতিফলন খ. প্রতিসরণ
গ. প্রতিধ্বনি ঘ. প্রতিসরাঙ্ক উত্তর গ

**৮০. বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি কোনটি?**
ক. গারো খ. হাজং
গ. সাঁওতাল ঘ. মগ
উত্তর গ ব্যাখ্যা বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৪৫ টি এবং জনসংখ্যা বাংলাদেশের মোট জনসংখ্যার ১.১০%। বাংলাদেশের বৃহত্তম নৃ-গোষ্ঠী চাকমা এবং দ্বিতীয় বৃহত্তম নৃ-গোষ্ঠী সাঁওতাল। সাঁওতালরা বাংলাদেশের উত্তরাঞ্চলে রাজশাহী ও রংপুর বিভাগে বাস করে।